

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 27-04-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC-Oath:**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসির নব নির্বাচিত সদস্যগণ আজ শপথ গ্রহণ করবেন। বেলা ১১ টায় খুমলুংয়ে এডিসির কাউন্সেলিং ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য সদস্যাদের শপথ বাক্য পাঠ করাবেন আইন সচিব শংকরী দাস।

\*\*\*\*\*

**Maan ki Baat-Tripura:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মন কি বাত এর ১৩৩ তম পর্বে গতকাল প্রযুক্তি নির্ভর বাঁশ ভিত্তিক শিল্পে ত্রিপুরার শিল্পীদের সাফল্যের ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, একসময় বোঝা হিসেবে বিবেচিত বাঁশ উত্তর-পূর্ব ভারতের অর্থনীতি, কর্মসংস্থান এবং উদ্ভাবনের অন্যতম প্রধান শক্তিতে পরিণত হয়েছে। বিশেষ করে নারী সমাজের ক্ষমতায়নে বাঁশ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, ব্রিটিশ আমলের কঠোর আইন অনুযায়ী বাঁশকে গাছ হিসেবে চিহ্নিত করা হয়েছিল, ফলে বাঁশ পরিবহন ও ব্যবসায় নানা জটিলতা তৈরি হয়। এর প্রভাব পড়ে বাঁশভিত্তিক শিল্পে। তবে ২০১৭ সালে আইন সংশোধন করে বাঁশকে গাছের তালিকা থেকে বাদ দেওয়ার পর উত্তর-পূর্বাঞ্চলে বাঁশ শিল্পে নতুন গতি আসে বলে অভিমত ব্যক্ত করেন প্রধানমন্ত্রী।

তিনি আরো বলেন, বর্তমানে ত্রিপুরা, নাগাল্যান্ড, মিজোরাম ও সিকিমসহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে বাঁশ শিল্প দ্রুত প্রসার লাভ করছে। এই প্রসঙ্গে তিনি উদাহরণ দিয়ে বলেন, ত্রিপুরার গোমতী জেলার বিজয় সূত্রধর ও দক্ষিণ ত্রিপুরার প্রদীপ চক্রবর্তী প্রযুক্তিনির্ভর বাঁশ শিল্পে সাফল্য অর্জন করেছেন। নাগাল্যান্ডের বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠী বাঁশভিত্তিক খাদ্যপণ্য, আসবাবপত্র ও হস্তশিল্প উৎপাদনে উল্লেখযোগ্য অবদান রাখছে। তিনি বলেন, বিশেষজ্ঞদের মতে, বাঁশ শিল্পে উদ্ভাবন ও মূল্য সংযোজন উত্তর-পূর্বাঞ্চলের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। প্রধানমন্ত্রী সাধারণ জনগনকে উত্তর-পূর্বের বাঁশজাত পণ্য ব্যবহারের জন্য আহ্বান জানিয়েছেন।

#### ##### Byte Maan Ki Baat-1 #####

\*\*\*\*\*

#### **Mann Ki Baat-Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাগ্নু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে রাজ্যবাসীও 'ভোকাল ফর লোকাল' ভাবনাকে গ্রহণ করেছেন। গতকাল বক্সনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মন কি বাত অনুষ্ঠান শোনার পর তিনি একথা বলেন। রাজ্যপাল বক্সনগরে অবস্থিত বৌদ্ধ প্রত্নতাত্ত্বিক স্থলও পরিদর্শন করেন।

\*\*\*\*\*

#### **CM- Mann Ki Baat:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল পশ্চিমবঙ্গের দক্ষিণ কৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের ৮২ নং বুথে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনেন। তিনি বলেন, প্রতিটি মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অনুপ্রেরণামূলক গল্প এবং তথ্য

নিয়ে এসেছেন যা সমাজের প্রতিটি অংশকে অনুপ্রাণিত করে। মুখ্যমন্ত্রী বলেন, এটা গর্বের বিষয় যে ত্রিপুরা এবং উত্তর-পূর্বের বাঁশ ভিত্তিক শিল্প প্রধানমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করেছে।

\*\*\*\*\*

### **Jalaja Samman:**

ধর্মনগরে জলজ-সম্মান ও সাহিত্যোৎসব ২০২৬ গতকাল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের সূচনা করেন ওড়িশা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি-সাহিত্যিকরা। এই অনুষ্ঠানে জলজ-সম্মান ২০২৫ তুলে দেওয়া হয় কবি নকুল রায়কে এবং কবি জালাল উদ্দিন আহমেদকে মরণোত্তর জলজ-সম্মান প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **WBD celebration by Akshar:**

শেখুপিয়র এর জন্মদিন ২৩ শে এপ্রিল বিশ্ব পুস্তক দিবস উপলক্ষে গতকাল আগরতলা প্রেসক্লাবে রাজ্যের অক্ষর প্রকাশনীর্ উদ্যোগে ‘বই পড়া, বইয়ের সংস্কৃতি ও বই নিয়ে কথা’ শীর্ষক এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি অধ্যাপক এবং সাহিত্য একাডেমীর পূর্বাঞ্চল কেন্দ্রের পূর্বতন আঞ্চলিক সচিব অংশুমান কর সহ অন্যানরা। অনুষ্ঠানে প্রয়াত ভাষা গবেষক ‘কুমুদ কুন্ডুচৌধুরী স্মৃতি সংবর্ধনা’ প্রদান করা হয় বিশিষ্ট ককবরক লেখক সুনীল দেববর্মাকে।

\*\*\*\*\*

### **T-20-CRICKET:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় সফুলিঙ্গ ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব ফাইনালে

উঠেছে। গতকাল আসরের দুটি সেমিফাইনাল অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে দুটি খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৩ রানে ব্লাডমাউথ ক্লাবকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ২ রানে শতদল সংঘকে পরাজিত করে। আগামীকাল ২৮ এপ্রিল ফাইনাল ম্যাচটি হবে।

\*\*\*\*\*

### **ASMITA FOOTBALL:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৬ বছরের অস্মিতা ফুটবল সিটি লিগের আসরে গতকাল দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফুলো বানু আথলেটিক্স ক্লাব ১-০ গোলে হাঁপানিয়া স্কুলকে এবং বিশ্বমনি পাড়া স্পোর্টস সোসাইটি ৩-০ গোলে নবোদয় সংঘকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **NORTH EAST Cricket :**

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা রানার্স হয়েছে। গতকাল গুয়াহাটীর জর্জ মাঠে অনুষ্ঠিত বৃষ্টি বিদ্বিত ফাইনালে স্বাগতিক আসাম ১১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্ন জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে। তাছাড়া বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনাও রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৬ ডিগ্রি সেলসিয়াস। সকাল ৫.৩০ পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ৩১.৯ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*